



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রতিদিন একবার হলেও
আপনার প্রতিষ্ঠানের
ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও ব্রাউজার
ওয়েবসাইট (www.bteb.gov.bd)
ভিজিট করুন।

স্মারক নং- বাকাশিবো(প-২)/নেভাল/২৯

তারিখ : ০৭-০২-২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের ২০১৭ সনের (গ্রীষ্মকালীন ১ম ব্যাচ) ১ম পর্বের পরিপূরক পরীক্ষা আগামী ২৬ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিঃ তারিখ রোজ রবিবার হতে, নৌবাহিনীর প্রশিক্ষণ ঘাঁটি বানোজা শহীদ মোয়াজ্জম -এ অবস্থিত নেভাল ইন্সটিটিউট অব টেকনোলজি, কাণ্ডাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। জানুয়ারী ২০১৭ মাসে অনুষ্ঠিত ১ম পর্ব সমাপনী পরীক্ষায় শুধুমাত্র এক/দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরাই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন : ০২-৯১১৩২৮৩

৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম পর্ব পরিপূরক পরীক্ষা লিখো বিহীন উত্তরপত্রে গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

১. পরীক্ষার ফরম পূরণের নিয়ম :

- ১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) শিক্ষাক্রমের সকল পর্বের ফরম পূরণ অনুচ্ছেদ ৩.৯ এ বর্ণিত তারিখ অনুযায়ী বোর্ডের Website (www.bteb.gov.bd) এর মাধ্যমে Online এ করতে হবে।
- ১.২ Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List -এ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত প্রিন্ট-আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে।
- ১.৩ ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্ণাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৩.৮ অনুযায়ী) এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।
- ১.৪ Total Question Count List এর প্রিন্ট-আউট কপি বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

২। পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপ :

(ক) ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্য :

১	পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য)	২২৫.০০
২	কেন্দ্র ফি (কেন্দ্র প্রাপ্য)	২০০.০০
৩	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিষ্ঠান পাবে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪	নম্বরপত্র ফি (প্রতিষ্ঠান পাবে)	৫০.০০

৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলি :

- ৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ব্যক্তিগত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।
- ৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম পূরণ সরাসরি নাকচ করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ি থাকবে না।
- ৩.৩ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

